

# বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫



## বাঁকুড়া জেলা ক্রীড়া সংস্থা

### বাঁকুড়া স্টেডিয়াম, বাঁকুড়া

এতদ্বারা জেলা ক্রীড়া সংস্থার অন্তর্ভুক্ত সমস্ত ক্লাব/স্কুল ও প্রতিষ্ঠানকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের জেলা বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আগামী ৫ই জানুয়ারী, ২০২৫ রবিবার, বাঁকুড়া স্টেডিয়ামে সকাল ৮.৩০ টায় অনুষ্ঠিত হতে চলেছে এবং ৫ কিমি (সম্প্রীতি রোড রেস) পুরুষ ও মহিলা আগামী ৪ই জানুয়ারী,২০২৫ শনিবার সকাল ৬টায় তামলীবাঁধ ময়দান থেকে আরম্ভ হয়ে পূর্ব নির্ধারিত পথে ৫ কিমি শহর পরিক্রমার তামলীবাঁধ ময়দানেই শেষ হবে। জেলার বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছি। এন্ট্রি ফি জমা দিতে হবে 'জেলা ক্রীড়া সংস্থা', বাঁকুড়া স্টেডিয়াম অফিসে।

**নাম জমা দেওয়ার তারিখ ২৫.১১.২০২৪ থেকে ২৯.১২.২০২৪ পর্য্যন্ত**

**শনি ও রবিবার- সকাল ১০টা থেকে দুপুর ১২টা এবং দুপুর ৩টা থেকে বিকাল ৫টা।**

**বুধবার - দুপুর ৩টা থেকে বিকেল ৫টা।**

| বিভাগ | বয়সসীমা | প্রতিযোগিতার বিষয় |
|---|---|---|
| বালক | ১৪ বছর বয়স পর্য্যন্ত<br>০১.০১.১২ থেকে ৩১.১২.১৩<br>(ট্রায়াথেলনের A,B,C গ্রুপের মধ্যে যে কোন একটি গ্রুপ সিলেক্ট করতে হবে) | <u>ট্রায়াথেলন :</u> A- ৬০ মি ব্রড জাম্প (৫মিটার এপ্রোচ রাণ) হাইজাম্প (সিজার)<br>B- ৬০ মি ব্রড জাম্প (৫মিটার এপ্রোচ রাণ) 1kg Shot put back throw<br>C - 60.মি. লংজাম্প (৫মি. এপ্রেচারন),৬০০ মিটার রান |
| বালিকা | ১৪ বছর বয়স পর্য্যন্ত<br>০১.০১.১২ থেকে ৩১.১২.১৩<br>(ট্রায়াথেলনের A,B,C গ্রুপের মধ্যে যে কোন একটি গ্রুপ সিলেক্ট করতে হবে) | <u>ট্রায়াথেলন :</u> A- ৬০ মি ব্রড জাম্প (৫মিটার এপ্রোচ রাণ) হাইজাম্প (সিজার)<br>B- ৬০ মি ব্রড জাম্প (৫মিটার এপ্রোচ রাণ) 1kg Shot put back throw<br>C - 60.মি. লংজাম্প (৫মি. এপ্রেচারন),৬০০ মিটার রান |
| বালক | ১৪ বছরের পর থেকে ১৬ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.১০ থেকে ৩১.১২.১১ | ৬০ মি, ৬০০ মি, ব্রড জাম্প (৫মিটার এপ্রোচ রান), হাইজাম্প. শটপুট, (৩কেজি স্ট্যান্ডিং থ্রো) |
| বালিকা | ১৪ বছরের পর থেকে ১৬ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.১০ থেকে ৩১.১২.১১ | ৬০ মি, ৬০০ মি, ব্রড জাম্প (৫মিটার এপ্রোচ রান), হাইজাম্প. শটপুট, (৩কেজি স্ট্যান্ডিং থ্রো) |
| বালক | ১৬ বছরের পর থেকে ১৮ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.০৮ থেকে ৩১.১২.০৯ | ১০০মি., ৪০০মি., ১০০০মি., ব্রডজাম্প, হাইজাম্প, শটপুট, (৩কেজি) ডিসকাস (১ কেজি) জ্যাভলিন, |
| বালিকা | ১৬ বছরের পর থেকে ১৮ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.০৮ থেকে ৩১.১২.০৯ | ১০০ মি. ৪০০ মি, ১০০০ মি, ব্রডজাম্প, শটপুর্ট, ডিসকাশ |
| পুরুষ | ১৮ বছরের পর থেকে ২০ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.০৬ থকে ৩১.১২.০৭ | ১০০মি.,২০০মি.,৩০০০মি.,ব্রডজাম্প,হাইজাম্প,শটপুট, ডিসকার্স, |
| মহিলা | ১৮ বছরের পর থেকে ২০ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.০৬ থকে ৩১.১২.০৭ | ১০০মি., ৪০০মি., ৩০০০মি., ব্রডজাম্প, শটপুট, ডিসকার্স |
| পুরুষ | ২০ বছরের পর থেকে ২৩ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.০৩ থকে ৩১.১২.০৫ | ১০০মি.,২০০০মি.,ব্রডজাম্প,হাইজাম্প,শটপুট,ডিসকার্স, জ্যাভলিন, |
| মহিলা | ২০ বছরের পর থেকে ২৩ বছর বয়স পর্যন্ত<br>০১.০১.০৩ থকে ৩১.১২.০৫ | ১০০ মি, ৮০০ মি., ব্রডজাম্প, শর্টপুট |

## পাঁচ কিলোমিটার সম্প্রীতি রোড রেস (পুরুষ ও মহিলা)

০৪.০১.২০২৫তারিখ সকাল ৬টায় তামলীবাঁধ ময়দান থেকে আরম্ভ হয়ে তামলীবাঁধ ময়দানে শেষ হবে।
এন্ট্রি ফি ৫০ টাকা। কেবলমাত্র বাঁকুড়া জেলার বাসিন্দারাই অংশগ্রহণ করতে পারবে।

## — নিয়মাবলী —

১। প্রতিযোগিতাটি অ্যামেচার অ্যাথেলেটিক্স ফেডারেশন অফ্ ইণ্ডিয়ার নিয়মানুযায়ী পরিচালিত হবে।

২। একজন প্রতিযোগী বয়স অনুযায়ী নিজ বিভাগে ২টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

৩। অনূর্দ্ধ ১৪ বছর বালক / বালিকা বিভাগে ট্রায়াথেলন হবে। যেখানে তিনটি গ্রুপের মধ্যে (A,B,C) যে কোন একটি গ্রুপ সিলেক্ট করতে পারবে। প্রত্যোক গ্রুপেই ৬০ মি রান এবং ৫মিটার এপ্রোচরান সহযোগে ব্রডজাম্প কমন বিষয়। অপর বিষয়গুলি হল A গ্রুপের জন্য হাইজাম্প (সিজার), B গ্রুপের জন্ ১ কেজি শট এর ব্যাক থ্রো, এবং C গ্রুপের জন্য ৬০০ মি. রান।

৪। প্রত্যেক প্রতিযোগীর প্রবেশিকা ফি ২৫ টাকা প্রতি ইভেন্টের জন্য। নির্দিষ্ট তারিখের মধ্যে অফিসে জমা করতে হবে।

৫। প্রতিটি প্রতিযোগীকে জেলা ক্রীড়া সংস্থার নিবন্ধীভূক্ত হতে হবে। আগামী ২৯শে ডিসেম্বর, ২০২৪ তারিখের মধ্যে প্রত্যেক প্রতিযোগীর জন্য আইডেনটিটি কার্ড বাধ্যতামূলকভাবে করতে হবে। অন্যথায় প্রতিযোগিতার অংশগ্রহণের সুযোগ দেওয়া যাবে না। আইডেনটিটি কার্ড এর জন্য প্রত্যেক প্রতিযোগীকে ২৫ টাকা জমা দিতে হবে। প্রমাণ হিসাবে ভোটার / আধার কার্ড (অরিজিনাল) দেখানো বাধ্যতামূলক। সঙ্গে দু'কপি পাসপোর্ট সাইজ ফটো আনতে হবে।

৬। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ২৫.১১.২০২৪ তারিখ থেকে ২৯.১২.২০২৪ পর্য্যন্ত প্রতি শনি ও রবিবার সকাল ১০টা থেকে ১২ টা এবং দুপুর ৩টা থেকে ৫ টা পর্যন্ত এবং প্রতি বুধবার দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত বাঁকুড়া স্টেডিয়াম অফিসে নাম জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো এন্ট্রি ফি জমা নেওয়া হবে না। পুরানো আইডেনটিটি কার্ডধারীগণ তাদের কার্ডটি উক্ত সময়ের মধ্যে পুণঃনবীকরণ করাবেন। পুণঃনবীকরণের জন্য ২৫ টাকা জমা দিতে হবে।

৭। নাম নথিভুক্ত করণের সময় বয়সের প্রমাণপত্র হিসাবে পঞ্চায়েতের ক্ষেত্রে ৫ নং ফর্ম, পৌরসভার ক্ষেত্রে ৯নং ফর্ম এর অ্যাটেস্টেড কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

৮। কোনো বিষয়ে চার জনের কম প্রতিযোগী হলে ইভেন্টটি বাতিল করা হবে, সেক্ষেত্রে এন্ট্রি ফি ফেরৎ দেওয়া হবে না।

৯। বয়স পরীক্ষার সময় অরিজিনাল ডেট অফ বার্থ সার্টিফিকেট ৫ নং অথবা ৯নং ফর্মে অবশ্যই মাঠে দেখাতে হবে।

১০। বিচারকের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। কেবলমাত্র বাঁকুড়া জেলার বাসিন্দারাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

---

রাজ্য এ্যাথলেটিক্স মিটে প্রতিযোগীর নাম নির্বাচিত হলে বয়সের প্রমাণপত্র হিসাবে পঞ্চায়েতের ক্ষেত্রে ৫নং ফর্ম, পৌরসভার ক্ষেত্রে ৯ নং ফর্ম অবশ্যই তার জন্ম তারিখের এক বছরের মধ্যে রেজেস্ট্রীভুক্ত হওয়া চাই -অন্যথায় বাতিল বলে বিবেচিত হবে।

---

**উপস্থিতির সময় : সকাল ৮টায়**


**অমরেশ গায়ন**
সম্পাদক
এ্যাথলেটিক্স উপসমিতি
বাঁকুড়া জেলা ক্রীড়া সংস্থা, বাঁকুড়া
মো: ৯৪৩৪৪৮০৫৭২

**গৌতম কর্মকার**
সভাপতি
এ্যাথলেটিক্স উপসমিতি
বাঁকুড়া জেলা ক্রীড়া সংস্থা, বাঁকুড়া
মো: ৬২৯৫৩৬১৫৩৮

**অতনু দে**
সাধারণ সম্পাদক
বাঁকুড়া জেলা ক্রীড়া সংস্থা, বাঁকুড়া
মো: ৯৪৩৪৩৩৫৮৬৪